তোফায়েল আহমেদের জানাজায় ‘জয় বাংলা’ স্লোগান, আটক ৭



ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের প্রবীণ নেতা ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক তোফায়েল আহমেদের প্রথম জানাজা শেষে ‘জয় বাংলা’ স্লোগান দিয়ে মিছিলের চেষ্টা করলে সাতজনকে আটক করেছে পুলিশ।

সোমবার (১ জুন) সন্ধ্যায় রাজধানীর ধানমন্ডির তাকওয়া মসজিদের সামনে এ ঘটনা ঘটে। বাদ মাগরিব জানাজা শেষে কয়েকজন নেতাকর্মী মিছিল বের করার চেষ্টা করলে পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ হস্তক্ষেপ করে।

পুলিশ জানায়, জানাজার আগে থেকেই নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগের কিছু নেতাকর্মী মসজিদের সামনে জড়ো হন। পরে তারা ‘জয় বাংলা’ স্লোগান দিতে দিতে মিছিলের চেষ্টা করলে সাতজনকে আটক করা হয়।

ডিএমপির রমনা বিভাগের উপপুলিশ কমিশনার শেখ জাহিদুল ইসলাম বলেন, জানাজা শেষে মিছিলের মাধ্যমে এলাকায় উত্তেজনা সৃষ্টি ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর আশঙ্কায় তাদের আটক করা হয়েছে। আটক ব্যক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।

এর আগে বিকেলে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান তোফায়েল আহমেদ। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন তিনি।